

# 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৩০

২৩/ মানত ও কসম (الله عن رسول الله عن رسول النفور والأيمان عن رسول الله পরিচ্ছেদঃ পাপ কর্মে মানত নেই।

باب مَا جَاءَ عَنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم أَنْ لاَ نَذْرَ فِي مَعْصِيَةٍ

## আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا أَبُو صَفْوَانَ، عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ أَبِي سَلَمَةَ، عَنْ عَائِشَةَ، قَالَتْ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ نَذْرَ فِي مَعْصِيةٍ وَكَفَّارَتُهُ كَفَّارَةُ يَمِينٍ ". قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَجَابِرٍ وَعِمْرَانَ بْنِ حُصَيْنٍ. قَالَ أَبُو كَفَّارَةُ يَمِينٍ ". قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَجَابِرٍ وَعِمْرَانَ بْنِ حُصَيْنٍ. قَالَ أَبُو عَيسَى هَذَا حَدِيثٌ لاَ يَصِحُ لأَنَّ الزُّهْرِيَّ لَمْ يَسْمَعْ هَذَا الْحَديثَ مِنْ أَبِي سَلَمَةَ . قَالَ سَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ رَوَى غَيْرُ وَاحِدٍ مِنْهُمْ مُوسَى بْنُ عُقْبَةَ وَابْنُ أَبِي عَتِيقٍ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَلَمَة عَنْ عَائِشَة عَنِ النَّهْرِيِّ عَنْ سَلَمَة عَنْ عَائِشَة عَنِ النَّبِيِّ صلى عَنْ سُلَيْمَانَ بْنِ أَرْقَمَ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ أَبِي سَلَمَة عَنْ عَائِشَة عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم. قَالَ مُحَمَّدٌ وَالْحَدِيثُ هُوَ هَذَا .

#### বাংলা

১৫৩০। কুতায়বা (রহঃ) ... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, পাপ কার্যে মানত করা যাবে না। আর এর কাফফারা হল কসমের কাফফারার অনুরূপ। সহীহ, ইবনু মাজাহ ২১২৫, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫২৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমার, জাবির ও ইমরান ইবনু হুসায়ন রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। এ হাদীসটি সহীহ নয়। কেননা যুহরী (রহঃ) এ হাদীসটি আবু সালামা রাদিয়াল্লাহু আনহু থেকে শোনেন নি। আমি মুহাম্মদ [ইমাম বুখারী (রহঃ)]-কে বলতে শুনেছি যে, মূসা ইবনু উকবা, ইবনু আবী আতীক প্রমুখ (রহঃ) থেকে যুহরী-সুলায়মান ইবনু আরকাম-ইয়াহইয়া ইবনু আবী কাছীর-আবৃ ছালামা-আয়িশা রাদিয়াল্লাহু আনহা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে রিওয়অয়াত পাওয়া যায়। মুহাম্মদ (ইমাম বুখারী) বলেন, হাদীসটি মূলত এটই।

# **English**

### Narrated 'Aishah:



That the Messenger of Allah () said: "There is no vowing for disobedience, and its atonement is the atonement of an oath."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন